

অতীব জরুরী

২৮ নভেম্বর ২০২৪

এফবিসিসিআই/টিএফ/২০২৪/১১০৩

সভাপতি/চেয়ারম্যান

সকল সদস্য সংস্থা

এফবিসিসিআই

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার বিষয়ক পরামর্শক কমিটির কাজের সুবিধার্থে বাণিজ্য সংগঠনের সুপারিশ প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার জাতীয় রাজস্ব বোর্ড সংস্কারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার বিষয়ক পরামর্শক কমিটি গঠন করেছে। এফবিসিসিআই প্রশাসক মহোদয়ের নেতৃত্বে সহায়ক কমিটির সদস্যবৃন্দ গত ২৭ নভেম্বর ২০২৪ তারিখ জাতীয় রাজস্ব বোর্ড সংস্কার কমিটির সাথে প্রাথমিক আলোচনা করেন। উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, সকল বাণিজ্য সংগঠনের মতামত/সুপারিশ দ্রুততম সময়ের মধ্যে এফবিসিসিআই-এর মাধ্যমে সংস্কার কমিটির নিকট প্রেরণ করা হবে। নিম্নলিখিত বিষয়ে সংস্কার কমিটির নিকট প্রস্তাব ও পরামর্শ প্রদান করতে হবেঃ

- ক) রাজস্ব নীতির সংস্কার;
- খ) রাজস্ব প্রশাসনের সংস্কার;
- গ) জাতীয় রাজস্ব বোর্ডের প্রাতিষ্ঠানিক সমস্যার মূল্যায়ন ও আধুনিকায়ন;
- ঘ) শুদ্ধাচার ও সুশাসনের প্রাতিষ্ঠানিক কাঠামো ও নীতিমালা;
- ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের কার্যক্রমে নাগরিক যোগাযোগ অংশীজনদের (Stakeholder) সংযুক্তকরণ;
- চ) রাজস্ব সংস্কার সংশ্লিষ্ট অন্য যেকোন নীতি।

এই প্রেক্ষিতে, উল্লিখিত বিষয়সমূহে আপনার চেম্বার/এসোসিয়েশনের সুনির্দিষ্ট মতামত আগামী ১০ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ই-মেইল (e-mail address: [secretariat@fbcci.org](mailto:secretariat@fbcci.org) and [parvez.fbcci@gmail.com](mailto:parvez.fbcci@gmail.com)) এবং ডাকযোগে এফবিসিসিআই-তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সকল বাণিজ্য সংগঠন, বিশেষ করে চেম্বার/এসোসিয়েশনের মতামতসমূহ সংকলন ও পর্যালোচনাপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার বিষয়ক পরামর্শক কমিটির নিকট প্রেরণ করা হবে। বিষয়টি জরুরী হিসেবে বিবেচনার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ আলমগীর

মহাসচিব

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১. জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার বিষয়ক পরামর্শক কমিটি।
২. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, এফবিসিসিআই।
৩. সকল সদস্য, সহায়ক কমিটি, এফবিসিসিআই।

YEARS OF  
FBCCI  
INTO SMART  
BANGLADESH